

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১৯৪০

৫/ হাজ্জ (হজ্জ/হজ) (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৬৭. মুযদালিফা থেকে তাড়াতাড়ি প্রশ্ন করা

بَابُ التَّعْجِيلِ مِنْ جَمْعٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا سُفْيَانُ، قَالَ: حَدَّثَنِي سَلَمَةُ بْنُ كُهَيْلٍ، عَنِ الْحَسَنِ الْعُرْنِيِّ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ: قَدَّمْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةَ الْمُزْدَلِفَةِ أُغَيْلَمَةَ بَنِي عَبْدِ الْمُطَّلِبِ، عَلَى حُمْرَاتٍ فَجَعَلَ يَلْطَخُ أَفْخَاذَنَا، وَيَقُولُ: أُبَيْنِي لَا تَرْمُوا الْجَمْرَةَ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ. قَالَ أَبُو دَاوُدَ: "اللَّطَخُ: الضَّرْبُ اللَّيِّنُ" صحيح

বাংলা

১৯৪০। ইবনু 'আব্বাস (রাযি.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনী 'আব্দুল মুত্তালিবের অল্প বয়স্কদেরকে মুযদালিফার রাতে গাধার পিঠে চড়িয়ে আগেভাগেই [মিনায়] পাঠান এবং তিনি আমাদের উরুতে হালকা আঘাত করে বলেনঃ হে আমার প্রিয় সন্তান! সূর্যোদয়ের পূর্বে তোমরা জামরায় কংকর মারবে না। ইমাম আবু দাউদ (রহ.) বলেন, (اللَّطَخُ) 'আল-লাতখু' শব্দের অর্থ হচ্ছে মৃদু আঘাত করা।[1]

সহীহ।

English

Narrated Abdullah ibn Abbas:

The Messenger of Allah (ﷺ) sent ahead some boys from Banu AbdulMuttalib on donkeys on the night of al-Muzdalifah. He began to pat our thighs (out of love) and said: O young! boys do not throw pebbles at the jamrah till the sun rises.

Abu Dawud said: The Arabic word al-lath means to strike softly.

ফুটনোট

[1]. নাসায়ী, ইবনু মাজাহ, আহমাদ। আহমাদ শাকির বলেন : এর সনদ দুর্বল ইনতিকা হওয়ার কারণে। হাসান বসরী ও ইবনু আব্বাসের মাঝে। আলবানী একে সহীহ বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=59308>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন